

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং-৩৮.০১.০০০০.১৪৫.৯৯.১২৬.১৯-১৬৬০

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৬
০৮ মার্চ ২০২০

বিষয় : সরেজমিন অভিযোগ তদন্ত অনুষ্ঠানে উপস্থিত থাকা প্রসঙ্গে।


- সূত্র: ১। প্রাগম এর স্মারক নং -৩৮.০০৮.০২৭.০০.০০.০১০.২০১৫-০৮, তারিখ: ০৯ জানুয়ারি ২০২০ মূলে
২। মো: আ: খালেক হাওলাদার, প্রতিষ্ঠাতা সভাপতি, ১০৩ নং কাফুলা সরকারি প্রাথমিক বিদ্যালয় মির্জাগঞ্জ, পটুয়াখালী।
৩। জনাব মো: গোলাম মোস্তফা, সভাপতি, ১১৩ নং আমতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, কলাপাড়া, পটুয়াখালী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে নিম্নবর্ণিত অভিযোগসমূহের তদন্ত পার্শ্ববর্ণিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ক) ২নং সূত্রের আবেদনে উল্লিখিত মো: আ: খালেক হাওলাদার, মির্জাগঞ্জ, পটুয়াখালী, মির্জাগঞ্জ উপজেলার ১০৩ নং কাফুলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আফরোজা খানম এর বিরুদ্ধে ইতোপূর্বে দাখিলকৃত অভিযোগসমূহ সরেজমিনে তদন্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় বরাবর আবেদন করেছেন। উক্ত অভিযোগের তদন্ত ১৮/০৩/২০২০ তারিখ সকাল ১০ ঘটিকায় উপজেলা শিক্ষা অফিস, মির্জাগঞ্জ, পটুয়াখালীতে অনুষ্ঠিত হবে।

খ) ৩ নং সূত্রের আবেদনে জনাব মো: গোলাম মোস্তফা, সভাপতি, ১১৩ নং আমতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, কলাপাড়া, পটুয়াখালী তার বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: জাকির হোসেন তালুকদার এর বিরুদ্ধে সরকারী টাকা আত্মসাৎ এর বিষয়ে সূত্র তদন্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, প্রাগম বরাবর আবেদন করেছেন। উক্ত অভিযোগের তদন্ত ১৯/০৩/২০২০ তারিখ সকাল ১০ ঘটিকায় উপজেলা শিক্ষা অফিস, কলাপাড়া, পটুয়াখালীতে অনুষ্ঠিত হবে।

উপরোক্ত সময়সূচী অনুযায়ী সরেজমিনে তদন্ত অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলকে রেকর্ডপত্র সহ উপস্থিত থাকার নির্দেশ দানের অনুরোধ করা হলো।


(মো: ফজলুল হক)

সহকারী পরিচালক (পলিসি এন্ড অপাঃ)

Email: dpeadbidda@gmail.com

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,
পটুয়াখালী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। পরিচালক, (পলিসি এন্ড অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ২। উপপরিচালক, (পলিসি এন্ড অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। উপজেলা শিক্ষা অফিসার, মির্জাগঞ্জ/কলাপাড়া, পটুয়াখালী। (সংশ্লিষ্ট সকলের উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধসহ)।
- ৬। মো: আ: খালেক হাওলাদার, প্রতিষ্ঠাতা সভাপতি, ১০৩ নং কাফুলা সরকারি প্রাথমিক বিদ্যালয় মির্জাগঞ্জ, পটুয়াখালী (সকল রেকর্ড সহ উপস্থিত থাকার অনুরোধসহ)।
- ৭। জনাব মো: গোলাম মোস্তফা, সভাপতি, ১১৩ নং আমতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, কলাপাড়া, পটুয়াখালী। (সকল রেকর্ড সহ উপস্থিত থাকার অনুরোধসহ)।
- ৮। সংরক্ষণ নথি।